গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজিস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web:www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-২১৮

তারিখঃ ২৪/০৭/২০১৭খ্রিঃ
সময়ঃ বিকাল ৫.০০ টা

**সমূদ্রবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ**

## সর্বশেষ আবহাওয়া পরিস্থিতি

সক্রিয় মৌসুমি বায়ুর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকায় ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দর সমূহকে ০৩ (তিন) নম্বর পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

**আজ ২৪ই জুলাই ২০১৭ খ্রিঃ সন্ধা ৬টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রংপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, কুষ্টিয়া, যশোর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পুর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**ভারী বর্ষণের সতর্কবাণী:** সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে আজ (২৪-০৭-২০১৭ খ্রিঃ) সকাল ১০টা থেকে পরবর্তী ২৪ ঘন্টায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪ - ৮৮ মিমি) থেকে অতি ভারী (৮৯ মিমি বা অধিক) বর্ষণ হতে পারে। ভারী থেকে অতি ভারী বৃষ্টির কারণে চট্টগ্রাম ও সিলেট বিভাগের পাহাড়ী এলাকার কোথাও কোথাও ভূমিধ্বসের সম্ভাবনা রয়েছে।

**পূর্বাভাসঃ** রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে। তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরুপ:**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩২.৪ | ৩২.৩ | ৩১.৭ | ৩৩.৪ | ৩২.৬ | ৩৪.০ | ৩১.০ | ৩১.৬ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.৫ | ২৫.২ | ২৩.৮ | ২৫.২ | ২৫.৩ | ২৫.০ | ২৪.৬ | ২৫.০ |

দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজারহাট ৩৪.০° সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল চট্টগ্রাম ২৩.৮° সে.।

**নদ-নদীর পানি হ্রাস /বৃদ্ধির সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো)**

| | | | |
|---|---|---|---|
| মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা | ৯০ টি | পানি স্থিতিশীল রয়েছে | ০৫ টি |
| পানি বৃদ্ধি পেয়েছে | ৪১ টি | তথ্য পাওয়া যায়নি | ০ টি |
| পানি হ্রাস পেয়েছে | ৪৪ টি | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে | ০২ টি |

এক নজরে নদ-নদীর পরিস্থিতিঃ

- ব্রহ্মপুত্র-যমুনা, গঙ্গা-পদ্মা ও সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পাহাড়ী এলাকার প্রধান নদীগুলোর অধিকাংশের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল হ্রাস আগামী ২৪ ঘন্টায় স্থিতিশীল অবস্থায় থাকেত পারে।
- গঙ্গা নদীর পানি সমতল হ্রাস আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকেত পারে।
- পদ্মা নদীর পানি সমতল হ্রাস আগামী ৭২ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- সুরামা-কুশিয়ারা নদীসমূহের পানি সমতল আগামী ২৪ ঘন্টায় হ্রাস পেতে পারে।

**অদ্য নিম্নবর্ণিত ২ টি পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।**

| ক্রঃ নং | স্টেশনের নাম | নদীর নাম | গত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে (সে.মি.) |
|---|---|---|---|---|
| ১ | চিরিঙ্গা, কক্সবাজার | মাতামুহুরী | +১৮৩ | +৪১ |
| ২. | ঝিকরগাছা, যশোর | কপোতাক্ষ | +২৮ | +২ |

২৪/৭/১৭

**গত ২৪ ঘন্টায় দেশের বিভিন্ন স্থানে উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ (গতকাল সকাল ০৯ টা থেকে আজ সকাল ০৯ টা পর্যন্ত)**

| ষ্টেশন/জেলার নাম | বৃষ্টিপাত (মিমি) | ষ্টেশন/জেলার নাম | বৃষ্টিপাত (মিমি) |
|---|---|---|---|
| লামা, কক্সবাজার | ২৭৩.০ | রাংগামাটি | ৭২.০ |
| বান্দরবান | ১৭৮.০ | খুলনা | ৬০.০ |
| কক্সবাজার | ১৫৫.০ | টেকনাফ | ৫৭.৫ |
| চট্টগ্রাম | ১৩২.০ | নারয়নহাট, চট্টগ্রাম | ৫৫.৫ |
| বরগুনা | ৮২.২ | টাংগাইল | ৫৫.০ |
| সাতক্ষীরা | ৮০.৪ | ফরিদপুর | ৫৪.০ |
| দুর্গাপুর, নেত্রকোনা | ৭৯.০ | নকুয়াগাঁও, শেরপুর | ৫১.০ |
| পাঁচপুকুরিয়া, চট্টগ্রাম | ৭৫.০ | রামগড়, চট্টগ্রাম | ৫০.৮ |

**বন্যা সম্পর্কিত তথ্যাদি: (ক্ষয়ক্ষতি ও ত্রাণ সামগ্রী বরাদ্দের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট 'ক' ও 'খ'-তে দেখানো হলো)।**

১। **সিলেট**: জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, সাম্প্রতিক অতিবর্ষণ ও পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় জেলার ৮ টি উপজেলায় ৫৬ টি ইউনিয়ন ও ১ পৌরসভা ৪৭৭ টি গ্রাম বন্যার পানিতে প্লাবিত হয়। বন্যায় এ সকল এলাকার ২১,০২০ টি পরিবারের ১,৪৩,৫৩০ জন লোক ক্ষতিগ্রস্ত হয়। এছাড়া ৪,৮৬১ টি ঘরবাড়ি, ৪,৩৩০ হেক্টর জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে। মৃত হাঁসমুরগী ও গবাদিপশুর সংখ্যা ৭৪২১ টি। বন্যার কারণে জেলার ৯৯ টি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখা হয়েছে। জেলায় মোট ১১ টি আশ্রয়কেন্দ্রে ৬৫০ জন লোক অবস্থান করছে। **বন্যার পানিতে ডুবে বালাগঞ্জ উপজেলায় ২ জন ও দক্ষিণ সুরমা উপজেলায় ১ জনসহ মোট ৩ জন মারা গেছে।** দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ থেকে ক্ষতিগ্রস্তদের মাঝে বিতরণের জন্য জেলা প্রশাসন কর্তৃক ৮৩৮.৫৫০ মেঃটন জিআর চাল, ১১,১২,৫০০ টাকা উপজেলায় উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া ২,০০০ প্যাকেট শুকনো খাবার বন্যার্তদের মাঝে বিতরণ করা হয়েছে। সুরমা ও কুশিয়ারা নদীর পানি হ্রাস অব্যাহত আছে।

২। **মৌলভীবাজার :** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান যে, অতিবৃষ্টি ও পাহড়ী ঢলে সৃষ্ট বন্যায় জেলার ৭ টি উপজেলার মধ্যে ৫টি উপেজলা ক্ষতিগ্রস্ত হয় (কুলাউড়া ,বড়লেখা, জুরি, রাজনগর ও সদর)। বন্যায় জেলার ২৫টি ইউনিয়ন, ১টি পৌরসভা, ২৯৪ টি গ্রাম, ৫৩,৩৪২ পরিবার, ২,৯৪,২৭০ জন লোক, ৫২৫ টি ঘরবাড়ি সম্পূর্ণ, ৬,৯০৮ টি ঘরবাড়ি আংশিক, ৫,৬৪৩ হেক্টর জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে। বন্যার কারণে বর্তমানে ১২টি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। ১২ টি আশ্রয়কেন্দ্রে ১৩২ টি পরিবারের ৬৪০ জন লোক অবস্থান করছে। **বন্যার কারণে জেলার বড়লেখা উপজেয় ৪ জন, রাজনগর উপজেলায় ২ জন এবং জুরি উপজেলায় ৪ জনসহ মোট ১০ জন লোক মারা গেছে।** দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক উপজেলাসমূহের অনুকুলে ২৭৫ মে.টন জি আর চাউল, ৬,৫০,০০০ জিআর ক্যাশ ও ৩০০০ প্যাকেট শুকনো খাবার উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। বন্যা কবলিত এলাকার পানি কমতে থাকায় বন্যা পরিস্থিতির দ্রুত উন্নতি হচ্ছে।

** এছাড়াও অতিবৃষ্টি ও উজান থেকে আসা পানিতে নদ-নদীর পানি বৃদ্ধি পেয়ে জামালপুর, বগুড়া, সিরাজগঞ্জ, কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, রংপুর, নীলফামারী জেলার কিছু এলাকা বন্যা কবলিত হয়েছিল। নদ-নদীর পানি কমে যাওয়ায় এবং বন্যা কবলিত এলাকার পানি নেমে যাওয়ায় এ সকল জেলার সার্বিক বন্যা পরিস্থিতি উন্নতি হয়েছে।

(জি এম আব্দুল কাদের)
উপ-সচিব (এনডিআরসিসি)
ফোন: ৯৫৪৫১১৫

**সদয়** অবগতি/ প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা /পদ মর্যাদার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/ ত্রাণ/দুব্য/সিপিপি ও এনডিআরসিসি/উন্নয়ন/ত্রাণ প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
০৯। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধসহ।
১০। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১২। যুগ্ম সচিব (প্রশাঃ/ সেবা /দুব্যক-১/দুব্যক-২/সমন্বয় ও সংসদ/ত্রাণ প্রশাসন/আইন সেল/দুব্যপ্রঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৩। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৪। উপ-সচিব (দুব্যক-১/দুব্যক-২/প্রশাঃ/বাজেট/অডিট/ত্রাণ প্রশাঃ/ত্রাণ-১/ত্রাণ-২)/উপ-প্রধান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৫। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধসহ।
১৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৭। মন্ত্রীর সহকারী একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা আছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ NDRCC'র টেলিফোন নম্বরঃ ৯৫৪৫১১৫, ৯৫৪৯১১৬, ৯৫৪০৪৫৪; **ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৭৫০০০। Email: ndrcc@modmr.gov.bd/ ndrcc.dmrd@gmail.com, হট লাইনঃ ০১৯৩৭-১৬৩৫৮২, ০১৭১১-১৬১৯২৬, ০১৫৩৬-২৩৯২৬০, মোবাইল নম্বরঃ** অতিরিক্ত সচিব (এনডিআরসিসি) ০১৭৩৭-২৫০৮৮৮, www.modmr.gov.bd

পরিশিষ্ট 'ক'

# জুলাই, ২০১৭ মাসে অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় ক্ষয়ক্ষতি বিবরণ

(জেলা প্রশাসকের নিকট হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে)

তারিখঃ ২৪.০৭.২০১৭ খ্রীঃ

| ক্রঃ নং | ক্ষতিগ্রস্ত জেলা | ক্ষতি উপ-জেলা | ক্ষতিঃ পৌর সভা | ক্ষতিঃ ইউনিয়ন | ক্ষতিঃ গ্রাম | ক্ষতিগ্রস্ত পরিবার সংখ্যা | | ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা | | ক্ষতিগ্রস্ত ঘরবাড়ীর সংখ্যা | | ক্ষতিগ্রস্ত ফসলি জমি (হেক্টরে) | | মৃত লোক সংখ্যা | মৃত হাঁস-মুরগী | ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠান | | ক্ষতিগ্রস্ত রাস্তা | | ক্ষতি ব্রীজ/ কাল | ক্ষতিঃ বাঁধ কিমিঃ | | ব্যবহৃত আশ্রয় কেন্দ্রের সংখ্যা | আশ্রিত লোক সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | সঃ | আং | সঃ | আং | সঃ | আং | সঃ | আং | | | সঃ | আং | (স) | (আং | | সঃ | আং | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ |
| ১ | সিলেট | ৮ | ১ | ৫৬ | ৪৭৭ | | ২১০২০ | | ১৪৩৫৩০ | | ৪৮৬১ | | ৪৩৩০ | ৩ | ৭৪২১ | | ১৫৮ | | | | | ৩.৪৪ | ১২ | ৬৮৯ |
| ২ | মৌঃবাজার | ৫ | ১ | ২৫ | ২৯৪ | | ৫৩৩৪২ | | ২৯৪২৭০ | ৫২৫ | ৬৯০৮ | | ৫৬৪৩ | ১০ | | | ১৩ | | | | | | ১৪ | ৮৭১ |
| ৩ | জামালপুর | ৭ | ৩ | ৪৮ | ৪৪৭ | | ৪৫০৫৫ | | ২২৮৮৮০ | ৩২৬ | ২৪৯০ | | ৭০৭৩ | ১৪ | | | ২২৬ | | ৩১৮. | ১ | | ৮. | | |
| ৪ | বগুড়া | ৩ | | ১৪ | ৯৩ | | ১৭২৪৫ | | ৮৫২০০ | | | | ৫০৮৫ | | | | ৮১ | | ৬৫ | | | | বাঁধে | ৩৫২৫ |
| ৫ | গাইবান্ধা | ৪ | | ৩০ | ১৯৪ | | ৬০৩৩৮ | | ২৪১২১৩ | | ১২৭৫৭ | | ২৫৪ | ৪ | | | ১৩৪ | | ৮১ | ১ | | ০.০১ | | |
| ৬ | সিরাজগঞ্জ | ৬ | ১ | ৪৫ | ২৪৭ | | ৫০১২৫ | | ২৩২৮০০ | ২১৩৯ | ২৮১৭৭ | | ১৩৭৫৬ | | | ৯ | ৩৭৬ | | | | | ৬ | ২৬ | ৬৫০ |
| ৭ | কুড়িগ্রাম | ৯ | | ৪২ | ৫৪৮ | | ৫২৪২৩ | | ১৯০৩৫২ | | ৫২৪২৩ | | ৩৬২০ | ৬ | ১২ | ৫ | ১৯৩ | | ১৪০ | ১৭ | | ১.৫ | ২৫ | ১৬৫০ |
| ৮ | লালমানিরহাট | ৪ | | ১৭ | ২২১ | | ২৬১৯৯ | | ১৩০৯৯৫ | | | | | | | | | | | | | | | |
| ৯ | রংপুর | ৩ | | ১১ | ৪৮ | | ৯৪৮৫ | | ৪৭৪২৫ | | | | | | | | ২ | | | | | | | |
| ১০ | নীলফামারী | ২ | | ১০ | ১৩০ | | ৩২৮০ | | ১৬৪০০ | | | | | | | | | | | | | | | |
| | মোট | ৫১ | ৬ | ২৯৮ | ২৬৯৯ | ০ | ৩৩৮৫১২ | ০ | ১৬১১০৬৫ | ২৯৯০ | ১০৭৬১৬ | ০ | ৩৯৭৬১ | ৩৭ | ৭৪৩৩ | ১৪ | ১১৮৩ | ০ | ৬০৪ | ১৯ | ০ | ১৯ | ৭৭ | ৭৩৮৫ |

(জি,এম আব্দুল কাদের)
উপ-সচিব(এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৫১১৫

**পরিশিষ্ট 'খ'**

**জুলাই, ২০১৭ মাসে অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্ত জেলায় বরাদ্দকৃত ত্রাণ সামগ্রীর বিবরণ**

তারিখঃ ২৪.৭.২০১৭ খ্রিঃ

| ক্রঃ নং | জেলার নাম | জিআর চাল (মেঃটন) | | | জিআর ক্যাশ | | | শুকনো খাবার (প্যাকেট) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট বরাদ্দ | বিতরণ | বর্তমানে মজুদ | মোট বরাদ্দ | বিতরণ | বর্তমানে মজুদ | বরাদ্দ | বিতরণ |
| ১ | সিলেট | ৯০০ | ৬৭৫ | ২২৫ | ১২০০০০০ | ৮৩৫০০০ | ৩৬৫০০০ | ২০০০ | ২০০০ |
| ২ | মৌঃবাজার | ৫৭৫ | ২৭৫ | ৩০০ | ১১৫০০০০ | ৬৫০০০০ | ৫০০০০০ | ৩০০০ | ৩০০০ |
| ৩ | জামালপুর | ৬২৫ | ৪৫০ | ১৭৫ | ১৪৫০০০০ | ৭৯০০০০ | ৬৬০০০০ | ৬০০০ | ৬০০০ |
| ৪ | বগুড়া | ৫৫০ | ২৮৫ | ২৬৫ | ১২০০০০০ | ৪০০০০০ | ৮০০০০০ | ৪০০০ | ২০০০ |
| ৫ | গাইবান্ধা | ৮২৫ | ৩৯০ | ৪৩৫ | ২৮০০০০০ | ২০১৯০০০ | ৭৮১০০০ | ৬০০০ | ৬০০০ |
| ৬ | সিরাজগঞ্জ | ৬৫০ | ৩৭৩ | ২৭৭ | ২২০০০০০ | ৯০০০০০ | ১৩০০০০০ | ৪০০০ | ৪০০০ |
| ৭ | কুড়িগ্রাম | ৯৫০ | ৬৫০ | ৩০০ | ২৩০০০০০ | ১৬৫০০০০ | ৬৫০০০০ | ৬০০০ | ৬০০০ |
| ৮ | লালমানিরহাট | ৪২৫ | ২২৩ | ২০২ | ২৩০০০০০ | ১৪০০০০০ | ৯০০০০০ | ৫০০০ | |
| ৯ | রংপুর | ১০০ | ৬০ | ৪০ | ২০০০০০ | | ২০০০০০ | | |
| ১০ | নীলফামারী | ৩৭৫ | ১৮০ | ১৯৫ | ১৪৫০০০০ | ৬০০০০০ | ৮৫০০০০ | ৪০০০ | |
| | মোট | **৫৯৭৫** | **৩৫৬১** | **২৪১৪** | **১৬২৫০০০০** | **৯২৪৪০০০** | **৭০০৬০০০** | **৪০০০০** | **২৯০০০** |

**(জি,এম আব্দুল কাদের)**
উপ-সচিব(এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৫১১৫